

তারিখ 18/11/2011

**রুপি প্রতীক (₹) সহ ₹10 মূল্যমানের ব্যাঙ্কনোট জারি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই ডঃ ডি সুব্বারাও, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর স্বাক্ষর সম্বলিত মহাত্মা গান্ধী সিরিজ অন্তর্গত ₹10 মূল্যমানের "₹" প্রতীকসহ 'R' ইনসেট অক্ষরযুক্ত ব্যাঙ্কনোট জারি করবে। ব্যাঙ্কনোটের পৃষ্ঠদেশে মুদ্রণবর্ষ 2011 মুদ্রিত থাকবে।

এখন জারি হতে চলেছে যে নোটগুলি, ₹ প্রতীক ব্যতীত, সেই নোটগুলির নকশা পূর্বে জারি করা মহাত্মা গান্ধী সিরিজ 2005-এর ব্যাঙ্কনোটের সঙ্গে সমস্ত দিকে সদৃশ।

ব্যাঙ্ক কর্তৃক জারি করা অতীতের ₹10 মূল্যমানের সমস্ত ব্যাঙ্কনোট বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

**জে.ডি.দেশাই**  
সহকারী প্রবন্ধক

**প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/795**